

এবার আমরন অনশনে শিক্ষার্থীরা

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ১৫:৫৯, ৪ নভেম্বর ২০২৪; আপডেট: ১৭:১৯, ৪ নভেম্বর ২০২৪



আমরণ অনশনে বসেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) চারুকলা বিভাগের শিক্ষার্থীরা তাদের দাবি- রবীন্দ্র-নজরুল কলা ভবন থেকে অবৈধ দখলকারীদের উচ্ছেদ ও বরাদ্দকৃত কম ব্যবহারের সুযোগ দিতে হবে।

সোমবার (৪ নভেম্বর) বিকেল সাড়ে ৩টায় প্রশাসন ভবনের সামনে শিক্ষার্থীরা অনশন শুরু করেন। এসময় লিখিতভাবে এবং তাদের বরাদ্দ জায়গা বুঝিয়ে না দেওয়া পর্যন্ত কর্মসূচি চালিয়ে নেওয়ার ঘোষণা দেন। এর আগে বেলা ১১টা থেকে তারা প্রশাসন ভবনের সামনে অবস্থার করছিলেন।

শিক্ষার্থীরা বলেন, আমরা শ্রেণিকক্ষ বরাদ্দ পেয়েও ব্যবহার করতে পারছি না। কক্ষগুতে ফোকলোর ও ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ দখল করে আছে। এদিকে আমাদের ক্লাস পরীক্ষা পরিচালনা করার কোনো জায়গা নেই। আমরা আমাদের নতুন চেয়ারম্যানকে বসে দেওয়ারও জায়গা পাইনি। আমরা প্রসাশনের দারস্ত হয়েও কোনো সমাধান পাইনি। আমাদেরকে বিভিন্নভাবে আশ্বস্ত করা হয়েছে, কিন্তু কোনো ফল পাইনি। তাই আমরা বাধ্য নিরুপায় হয়ে আমরণ অনশনে বসেছি। আমাদের দাবির বিষয়ে প্রশাসন লিখিত কোে পদক্ষেপ না নেওয়া পর্যন্ত আমরা অনশন চালিয়ে যাবো।

প্রক্টর অধ্যাপক ড. শাহিনুজ্জামান বলেন, উপাচার্য ক্যাম্পাসের বাইরে আছেন। তি ক্যাম্পাসে ফিরলে আগামীকাল (মঙ্গলবার) বিষয়টি নিয়ে বসে সিদ্ধান্ত নেওয়া হবে। আর্ দুপুরেই আন্দোলনকারীদের বিষয়টি জানিয়েছে। আমরা একটা সমাধানের দিকেই যাচ্ছি।